

মুমিনদের সফলতার ৫টি শর্তের মধ্যে সালাতের কথা ২বার বলা হয়েছে

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ মুমিনদের সফলতার ৫টি শর্তের মধ্যে

সালাতের কথা ২বার বলা হয়েছে।

সূরা ২৩ মু'মিনুন আয়াত নং ১ থেকে ১১ পর্যন্ত এই সফলতার শর্ত সমূহ আলোচনা করা হয়েছে। আয়াত ২ ও ৯ এ বলা হয়েছে

الَّذِينَ هُمْ فِي صَلَاتِهِمْ خَاشِعُونَ (২)

যারা নিজেদের সালাতে বিনয়, নম্র

وَالَّذِينَ هُمْ عَلَى صَلَوَاتِهِمْ يُحَافِظُونَ (৯)

আর যারা নিজেদের সালাত হেফাজত করে

অন্য শর্তগুলো হলো ক) অসার ক্রিয়া-কলাপ থেকে বিরত থাকে, খ) যাকাত প্রদান করে। গ) নিজেদের যৌনাঙ্গকে সংযত রাখে। ঘ) আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে।

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

মুসলিম শরীফ হাদীস নং- ১/৮৯

ইবনে মাসউদ(রাঃ) বলেনঃ আমি রাসুল(সাঃ)-কে জিজ্ঞেস করলামঃ হে আল্লাহর রাসুল, আল্লাহর নিকট কোন আমল সর্বাপেক্ষা পছন্দনীয়? তিনি বললেন, সময়মত সালাত আদায় করা। আমি আবার জিজ্ঞেস করলামঃ তারপর কোন আমল? তিনি জবাব দিলেনঃ মাতা-পিতার খিদমত করা। আমি পুনরায় প্রশ্ন করলামঃ তারপর কোনটি? তিনি বললেনঃ আল্লাহর পথে জিহাদ করা।

প্রিয় ভাই ও বোনেরা, কোরআন ও হাদীসে বর্ণিত উপরের কাজগুলো অন্তরের নিষ্ঠার সাথে পালন করলে আমরা জান্নাতুল ফেরদৌসের অধিকারী হব ইনশাআল্লাহ, সেটা আল্লাহ তা'য়লা ১০ ও ১১ নং আয়াতে বর্ণনা করেছেন।

আসুন আমরা আল্লাহর সাথে কাউকে শরীক না করে পূর্ণ ঈমানের সাথে ইবাদত করি।
আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু |

.....

clickhere<http://www.morningbrightness.fi/>
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>